# ৪০০ গজের ভেতরে ভোটকেন্দ্রে মোবাইল নিয়ে প্রবেশে নিষেধাজ্ঞা ইসির



ছবি: সংগৃহীত

আসন্ন গণভোট ও ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে ভোটকেন্দ্রে মোবাইলফোন বহনে কড়াকড়ি আরোপ করেছে নির্বাচন কমিশন (ইসি)। ভোটের দিন কেন্দ্র এলাকায় সাধারণ ভোটারদের মোবাইল নিয়ে প্রবেশ না করার নির্দেশ দেওয়া হয়েছে।

রবিবার (৮ ফেব্রুয়ারি) এ সংক্রান্ত নির্দেশনা জারি করে সিনিয়র সহকারী সচিব মো. শহিদুল ইসলাম তা বাস্তবায়নের জন্য রিটার্নিং কর্মকর্তাদের কাছে পাঠান।

নির্দেশনায় উল্লেখ করা হয়, ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিতব্য ভোটকে ঘিরে কেন্দ্রের চারশ গজের ভেতরে মোবাইলফোন বহন নিষিদ্ধ থাকবে। তবে দায়িত্বপ্রাপ্ত প্রিসাইডিং অফিসার, সংশ্লিষ্ট থানার পুলিশ ইনচার্জ এবং ‘নির্বাচন সুরক্ষা-২০২৬’ অ্যাপ ব্যবহারকারী অঙ্গীভূত আনসার, সাধারণ আনসার ও ভিডিপির নির্ধারিত দুই সদস্য এই বিধিনিষেধের বাইরে থাকবেন।

ইসি জানায়, নির্বাচনকে সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষ রাখতে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে এবং সংশ্লিষ্ট সবাইকে নির্দেশনাটি কঠোরভাবে মানার আহ্বান জানানো হয়েছে।

LENS ASIA